

ফলাফল

তারিখ . 30 . MAY . 2015
পৃষ্ঠা ... ১০ ... কলাম ... ১ ...

এসএসসির ফল প্রকাশ আজ

■ সমকাল প্রতিবেদক
২০১৫ সালের এসএসসি ও
সমমানের পরীক্ষার ফল আজ
শনিবার প্রকাশিত হচ্ছে। শিক্ষা
বোর্ড চেয়ারম্যানদের পক্ষ থেকে
সকাল ১০টায় গুণভবনে প্রধানমন্ত্রী
শেখ হাসিনার কাছে এসএসসি
ফলের সারসংক্ষেপ তুলে ধরা হবে।
এরপর দুপুর ১টায় সচিবালয়ে
সংবাদ সম্মেলনে আনুষ্ঠানিকভাবে
ফল প্রকাশ করবেন শিক্ষামন্ত্রী
নুরুল ইসলাম নাহিদ। এরপরই
বেলা ২টায় ইন্টারনেট ও
মুঠোফোনের এসএমএসের মাধ্যমে
ফল জানা যাবে।

ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান
প্রফেসর আবু বক্কর ছিদ্দিক
সমকালকে জানান, প্রধানমন্ত্রীর
হাতে বোর্ড চেয়ারম্যানরা ফল তুলে
দেওয়ার পর প্রধানমন্ত্রী শেখ
হাসিনা রাঙামাটি ও নীলফামারী
জেলা প্রশাসকের কার্যালয়ে ওই
দুটি জেলার ■ পৃষ্ঠা ১৫ : কলাম ৫

এসএসসির ফল প্রকাশ আজ

[প্রথম পৃষ্ঠার পর]

পৃথক দুটি বয়েজ ও গার্লস স্কুলের শিক্ষার্থীদের সঙ্গে ভিডিও কনফারেন্স
করবেন।

এবার এসএসসিতে মোট ১৪ লাখ ৭৯ হাজার ২৬৬ জন পরীক্ষার্থী
অংশ নেয়। এর মধ্যে ৭ লাখ ৬৩ হাজার ৩৩৯ জন ছাত্র এবং ৭ লাখ ১৫
হাজার ৯২৭ জন ছাত্রী। এবার আটটি বোর্ডের অধীনে এসএসসিতে ১১
লাখ ১২ হাজার ৫৯১ জন, মাদ্রাসা বোর্ডের অধীনে দাখিলে ২ লাখ ৫৬
হাজার ৩৮০ জন এবং কারিগরি শিক্ষা বোর্ডের এসএসসিতে
(ভোকেশনাল) এক লাখ ১০ হাজার ২৯৫ জন শিক্ষার্থী পরীক্ষা দিয়েছে।
সারাদেশের ৩ হাজার ১১৬টি কেন্দ্রের মাধ্যমে ২৭ হাজার ৮০৮টি শিক্ষা
প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা এবার এ পরীক্ষা দেয়। এসএসসি ও সমমানের
পরীক্ষা ৩০ মার্চ শেষ হওয়ার কথা থাকলে তা শেষ হয় গত ৩ এপ্রিল।

গত জানুয়ারির শুরু থেকে অর্ধরোখের পাশাপাশি হরতাল কর্মসূচি
পালন করে আসছিল বিএনপি নেতৃত্বাধীন ২০ দলীয় জোট। এ জন্য
পূর্বনির্ধারিত সময়সূচি অনুযায়ী এসএসসি ও সমমানের কোনো পরীক্ষাই
নেওয়া যায়নি। গত ২ ফেব্রুয়ারি এসএসসি ও সমমানের পরীক্ষা শুরু
হওয়ার কথা ছিল। কিন্তু হরতালের কারণে তা শুরু হয় ৬ ফেব্রুয়ারি।
হরতালে সবগুলো এসএসসি ও সমমানের পরীক্ষা পেছানো হয়। কেবল
গুরু ও শনিবার সাপ্তাহিক ছুটির দিনে এ পরীক্ষাগুলো নেওয়া হয়েছে।

শিক্ষা মন্ত্রণালয় জানিয়েছে, দুপুর ২টা থেকে পরীক্ষার্থীরা বিভিন্ন
মাধ্যমে তাদের ফল জানতে পারবে। শিক্ষা বোর্ডগুলোর ওয়েবসাইট
ছাড়াও www.educationboardresults.gov.bd ঠিকানায় ফল পাওয়া
যাবে। মোবাইল ফোনে এসএমএসের মাধ্যমেও ফল জানা যাবে।
মোবাইল ফোনে ফল জানতে মেসেজ অপশনে গিয়ে পরীক্ষার নাম
(ssc/alim/tec) লিখে স্পেস দিয়ে ইংরেজিতে বোর্ডের নামের প্রথম তিন
অক্ষর লিখে স্পেস দিয়ে রোল নম্বর লিখে স্পেস দিয়ে পাসের সাল ২০১৫
লিখে ১৬২২২ নম্বরে পাঠাতে হবে। ফিরতি মেসেজে ফল জানানো হবে।